

বাংলা ভাষায়

শিক্ষান  
চর্চা

সম্পাদনা

চিত্রিতা বন্দ্যোপাধ্যায়

অগ্নিতা কুণ্ডু

BANGLA BHASHAY BIGYAN CHARCHA  
Edited by Chitrita Bandhpadhyay, Agnita Kundu

গ্রন্থস্বত্ব : শ্রীশিক্ষায়তন কলেজ

প্রথম প্রকাশ  
মার্চ, ২০১৯

প্রকাশক  
নারায়ণচন্দ্র ঘোষ  
অক্ষর প্রকাশনী  
১৮এ, টেম্পার লেন, কলকাতা ৯  
৯৮৭৪৮৪৩৮৬৭

প্রচ্ছদ  
গৌতম নন্দী

অক্ষর বিন্যাস  
প্রিন্টম্যান্স, ইছাপুর

মুদ্রক  
বসু মুদ্রণ, কলকাতা ৪

উদ্যোগ  
শ্রী শিক্ষায়তন কলেজ  
১১, লড সিনহা রোড,  
কলকাতা ৭১  
যোগেশ চন্দ্র চৌধুরী কলেজ  
৩০, প্রিন্স আনোয়ার শাহ রোড,  
কলকাতা-৩৩

ISBN 978-93-83161-03-4

৩০০ টাকা

মুখ্য সম্পাদক

ড. অদিতি দে, অধ্যক্ষ, শ্রী শিক্ষায়তন কলেজ  
ড. পঙ্কজকুমার রায়, অধ্যক্ষ, যোগেশ চন্দ্র চৌধুরী কলেজ

সম্পাদক মণ্ডলী

শ্রীমতী শর্মিলা ঘোষ, ড. শ্রাবস্তী মিত্র  
শ্রীমতী দিশারী মুখার্জী,  
শ্রীমতী সোহিনী চক্রবর্তী, শ্রীমতী মধুলিকা ঘোষ  
ড. অভিজিৎ সাহা, ড. চিরঞ্জীব ঘটক,  
ড. সুশ্রীমা দত্ত, শ্রীমতী সীমা মুখার্জী

সূচিপত্র

বাংলা গল্পের কল্পনায় বিজ্ঞানের ঝামেলা—অনীশ দেব	অনন্যশংকর দেবভূতি	১৩
বিজ্ঞান ও রবীন্দ্রনাথ : নানা দৃষ্টিকোণে	অভিজিৎ গঙ্গোপাধ্যায়	২১
বিজ্ঞানমনস্কতার নির্মাণে গণমাধ্যমের ভূমিকা	ইন্দ্রনীল ভট্টাচার্য্য	৩০
কবি ও তাঁর বৈজ্ঞানিক বন্ধুরা	উপাসনা ঘোষ	৩৬
সত্যেন্দ্রনাথ বোস ও আইনস্টাইন : বিজ্ঞান		
ভাবনার পূর্ব-পশ্চিম	চিরঞ্জীব ঘটক	৪৭
রসায়নের জগতে সবুজ বিপ্লব	চূড়লা পাল	৫২
চরিত্রের অবয়বে মনোবিজ্ঞানের স্বাক্ষর :		
ফ্রয়েড এবং রবীন্দ্রনাথ	দিশারী মুখার্জী	৫৬
প্রফেসর শঙ্কু : কল্পবিজ্ঞানের বাস্তব	দেবলীনা গুহঠাকুরতা	৬১
আচার্য প্রফুল্লচন্দ্র রায় : বিজ্ঞান ও শিক্ষাক্ষেত্রে অবদান	দেবারতি দাস	৬৭
কলকাতা বেতারে বিজ্ঞানচর্চা	নবনীতা মিত্র	৭০
প্রতিকূলতায় আত্মরক্ষা - উদ্ভিদের বুদ্ধিমত্তার		
ইঙ্গিত : কয়েকটি পর্যবেক্ষণ	পাপড়ি সাহা	৭৬
বাংলা বিজ্ঞান-পরিভাষার সেকাল	প্রদীপ্ত গুপ্তরায়	৮৮
বাংলা সাহিত্যে কল্পবিজ্ঞান চর্চা	প্রসূন মাঝি	৯৭
কল্পবিজ্ঞানের প্রয়োগে শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের পাতালঘর :		
উপন্যাস ও চলচ্চিত্রের একটি তুলনামূলক বিশ্লেষণ	বিশ্বজিৎ মণ্ডল	১০৩
উচ্চশিক্ষায় বিজ্ঞানে বাংলাভাষার ব্যবহার :		
সমস্যা ও সমাধান	শ্রীবিশ্বনাথ কুড়ু ও সুজিতকুমার পাল	১১৪
বিজ্ঞানমনস্কতা নির্মাণে গণমাধ্যমের ভূমিকা	মানসী মোহান্ত	১১৯
উপেন্দ্রকিশোরের বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ : এক ভিন্ন কথনশৈলী	মীনাঙ্কী কর্মকার	১২৮
বাংলা ছোটগল্পে বিজ্ঞানী ও সাহিত্যিক : বিনিময়	মৌমিতা দাশ	১৩৮
গণমাধ্যমে মহাকাশবিজ্ঞান : মুখ ও মুখোশ	ময়ূখ লাহিড়ী	১৪৪
বাণিজ্যিকভাবে প্রাপ্ত ডিটারজেন্টগুলি জলজ বাস্তুতন্ত্রের		
পক্ষে ক্ষতিকর	রম্যাণি চট্টোপাধ্যায়	১৫০
বিজ্ঞানী ও সাহিত্যিক : বিনিময়—রবীন্দ্রনাথ ও		
জগদীশচন্দ্র বসু	লিপি হালদার	১৫৪
বাংলা কিশোরসাহিত্য কল্পবিজ্ঞানচর্চা : সেকাল-একাল	ললিতা রায়	১৬০
উত্তর চব্বিশ পরগনার মৌখিক রামায়ণ গানের উপস্থাপনা :		
Conceptual blending theory' -র আলোকে	শুভ কুড়ু	১৭২

# প্রফেসর শঙ্কু : কল্পবিজ্ঞানের বাস্তব দেবলীনা গুহঠাকুরতা

আয় তোর মুড়ুটা দেখি  
আয় দেখি ফুটোস্কোপ দিয়ে  
দেখি কত ভেজালের মেকি  
আছে তোর মগজের ঘিয়ে  
(বিজ্ঞান শিক্ষা : সুকুমার রায়)

সুকুমার রায়ের এই অসাধারণ কবিতা কল্পবিজ্ঞানের ধারাকে ছন্দে রূপ দিয়েছে ১৯২৩ সালের সেপ্টেম্বর মাসে 'সন্দেশ' পত্রিকায়। 'ফুটোস্কোপের' মতো এক অদ্ভুত যন্ত্র যা দিয়ে বুদ্ধির পরিমাপ করা যায় ও 'মগজের' ভেজাল মাপা যায়, এই ভাবনা শুধুই কল্পনা নয় বরং কল্পবিজ্ঞানের এক প্রকৃষ্ট উদাহরণ। কল্পবিজ্ঞানের প্রয়োজন বা প্রাসঙ্গিকতা আমাদের রোজকার জীবনে আছে কি না তা বুঝতে হলে এই শব্দবন্ধের অন্তর্নিহিত অর্থ ও তার প্রয়োগ কোথায় তা খুঁজতে হবে।

কল্পবিজ্ঞান/সায়েন্স ফিকশন : কল্পনা ও বিজ্ঞান

ইংরেজী সাহিত্যে 'সায়েন্স ফিকশন' এই শব্দসমষ্টি প্রথম ব্যবহৃত হয় ১৮৫১ সালে প্রকাশিত বই 'A Little Earnest Book upon a Great Old Subject'। লেখক উইলিয়াম উইলসনের মতে, অলীক কাহিনি সত্যের বিপরীত নয়; বরং তা সত্যকে আরও আকর্ষণীয় ও মায়াময় করে তোলে যার রূপ আমরা দেখতে পাই কল্পবিজ্ঞান রচনায়। বাস্তবের রূঢ়তাকে অগ্রাহ্য করা এর উদ্দেশ্য নয়। অর্থাৎ, এই কল্পজগৎ 'ভার্চুয়াল রিয়ালিটি' বাস্তবের অপূর্ণতাকে পূর্ণ করতে সাহায্য করে। যাকে আমরা বলি 'Wish fulfilment' বা ইচ্ছাবিলাস ক্ষেত্র।

বাংলা সাহিত্যে কল্পবিজ্ঞান চর্চার ইতিহাস খুঁজতে হলে আমাদের ঘড়ির কাঁটা পিছিয়ে নিয়ে যেতে হবে ১৮৮২ খ্রিষ্টাব্দে, যখন হেমলাল দত্ত "রহস্য" নামে একটি 'সায়েন্স ফ্যান্টাসি প্রকাশ করেন 'সচিত্র বিজ্ঞানদর্পণ' পত্রিকায়। ১৯১৪-এ প্রকাশিত হয় জগদানন্দ রায়ের লেখা 'শুক্লভ্রমণ', যদিও এর রচনাকাল ছিল ১৮৯২। এক্ষেত্রে বলে নেওয়া দরকার যে এই বাংলা নবজাগরণের সময়কালে "কল্পবিজ্ঞান" শব্দবন্ধটি প্রচলিত ছিল না। বরং সেই সময় আচার্য্য জগদীশ চন্দ্র বোস যে কোনো বিজ্ঞানভিত্তিক বা বিজ্ঞাননির্ভর রহস্য-রোমাঞ্চ রচনাকে 'বৈজ্ঞানিক রহস্য' নামেই চিহ্নিত করেছেন।

কল্পবিজ্ঞান শব্দবন্ধের জন্ম ১৯৬২ সালে প্রকাশিত 'আশ্চর্য্য' পত্রিকায় যেখানে গল্পকার